

1st Page, 15 March 2014

মাহাথির মোহাম্মদ কাল আসছেন

স্টাফ রিপোর্টার ॥ বেসরকারী বিশ্ববিদ্যালয় ইউআইটিএসের সমাবর্তনে যোগ দিতে আগামীকাল সকালে ঢাকায় আসছেন আধুনিক মালয়েশিয়ার রূপকার ও সাবেক প্রধানমন্ত্রী মাহাথির বিন মোহাম্মদ। বিকেল তিনটায় বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ইউআইটিএস বা ইউনিভার্সিটি অব ইনফরমেশন টেকনোলজি এ্যান্ড সায়েন্সেসের বা দ্বিতীয় সমাবর্তনে তিনি 'সমাবর্তন বক্তা' হিসেবে উপস্থিত থাকবেন। বৃহস্পতিবার ঢাকা (৬ পৃষ্ঠা ৭ কঃ দেখুন)

মাহাথির মোহাম্মদ

(প্রথম পৃষ্ঠার পর)
রিপোর্টার্স ইউনিটিতে আয়োজিত সংবাদ সম্মেলনে ইউআইটিএসের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ সামাদ এ তথ্য জানান। সমাবর্তনে মোট ছয় হাজার ৮১ জন শিক্ষার্থীকে সনদ দেয়া হবে। এর মধ্যে ১৫ জন কৃতি শিক্ষার্থীকে স্বর্ণপদক দেয়া হবে। সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ও রাক্তপতি মোঃ আবদুল হামিদ। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান সুফী মোহাম্মদ মিজানুর রহমান, উপ-উপাচার্য কেএম সাইফুল ইসলাম খান, রেজিস্ট্রার ড. আবদুল্লাহ আল মামুন চৌধুরী, ডিন ড. আফজাল আহমেদ প্রমুখ।